রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম
অধ্যক্ষের কার্যালয়
Website: www.ranguniacollege.edu.bd/E-mail: info@ranguniacollege.edu.bd

নং-২০২১/০৩৮

তারিখ: ১২ আগস্ট ২০২১

## ২০২১ সালের এইচএসসি পরীক্ষার্থীদের ফরম পূরণ বিজ্ঞপ্তি

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম এর চশিবো/পরী-উমা/পরি-২৮(অংশ-৬)/২০০০/৮৪৩(২); তারিখ : ৩১/০৭/২০২১ খ্রি: পর্যায়ের নির্দেশক্রমে জানানো যাচ্ছে, বিশ্বব্যাপী কোভিড-১৯ অতিমারীর কারণে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে ঘরে বসে ২০২১ সালের এইচএসসি পরীক্ষার ফরম পূরণ ও পরীক্ষার ফি সম্পূর্ণরূপে অনলাইনে প্রদান করতে হবে। **কোন অবস্থাতেই পরীক্ষার্থী বা তার অভিভাবককে প্রতিষ্ঠানে স্বশরীরে আসা যাবে না,** প্রয়োজনে নিম্নলিখিত মোবাইল ফোনে যোগাযোগ করতে হবে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম এর অধীনে ২০২১ সালে অনুষ্ঠিতব্য উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার Online এ ফরম পূরণ, প্রয়োজনীয় ফি প্রদান করার নিয়মাবলি ও তারিখ নিম্নে উল্লেখ করা হলো:

### ফরম পূরণে পরীক্ষার্থীর করণীয় :

SMS এর মাধ্যমে **পরীক্ষার্থীর নাম, এইচএসসি'র রেজিস্ট্রেশন নম্বর, এসএসসি (SSC) রোল**, বোর্ড ফি, কেন্দ্র ফি ও প্রতিষ্ঠানের পাওনাসহ সর্বমোট ফি আলাদা আলাদাভাবে জানতে পারবে এবং পরীক্ষার ফি পরিশোধের জন্য একাধিক পদ্ধতিও দেখতে পাবে।

### পরীক্ষার ফি ও কলেজ পাওনা পরিশোধের পদ্ধতি :

**SMS** এ প্রাপ্ত **LINK** ব্যবহার করে **অথবা** সোনালী ব্যাংকের সোনালী ই-সেবা (**Sonali eSheba**) অ্যাপ ব্যবহার করে সোনালী সেবা পেমেন্ট গেটওয়ের মাধ্যমে পরীক্ষার সর্বমোট ফি ও কলেজ পাওনা পরিশোধ করতে পারবে। এছাড়া বোর্ডের ওয়েবসাইটের Student Panel থেকেও সোনালী সেবা পেমেন্ট গেটওয়ের মাধ্যমে পরীক্ষার সর্বমোট ফি পরিশোধ করতে পারবে।

উক্ত তিনটি পদ্ধতিতেই ঘরে বসে সোনালী ব্যাংকের সোনালী ই-সেবা (**Sonali eSheba**) অ্যাপ ব্যবহার করে **Nagad, bKash, Rocket, Upay, Sonali eWallet** ইত্যাদি যে কোন একটির মাধ্যমে পরীক্ষার ফি ও কলেজ পাওনা প্রদান করতে পারবে।

তাছাড়া যে কোন Visa, Master Card, American Express, Dbbl Nexus ব্যবহার করেও পরীক্ষার ফি ও কলেজ পাওনা প্রদান করা যাবে| এছাড়াও সোনালী ব্যাংকের একাউন্টধারীরা অনলাইন পেমেন্ট এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদান করতে পারবে।

এক্ষেত্রে সোনালী ব্যাংক এবং মোবাইল ফিনান্সশিয়াল সার্ভিস (MFS) এর সার্ভিস চার্জও (বোর্ড কর্তৃক নির্ধারণকৃত) অপারেটর কেটে নিবে। যে অপারেটরের মাধ্যমে ফি পরিশোধ করা হবে সেই অপারেটরের সংশ্লিষ্ট একাউন্টে/ওয়ালেটে বোর্ড ফি, কেন্দ্র ফি ও প্রতিষ্ঠানের পাওনা এবং সার্ভিস চার্জসহ সর্বমোট টাকার ন্যূনতম ব্যালেন্স থাকতে হবে।

পেমেন্ট করার পর পরীক্ষার্থীকে তার ফরম পূরণ সম্পন্ন হয়েছে মর্মে একটি SMS এর মাধ্যমে নিশ্চিত করা হবে। কোন কারিগরি ক্রটির কারণে পরীক্ষার্থী SMS না পেলে বোর্ডের ওয়েবসাইটে Student Panel থেকে তার ফরম পূরণের Status যে কোন সময় দেখতে পাবে।

**প্রতিষ্ঠান কর্তৃক নির্বাচিত পরীক্ষার্থীরাই ফরম পূরণের জন্য ফি জমা দিতে পারবে।**

রাংগুনিয়া সরকারি কলেজ স্থাপিতঃ ১৯৬৩ ইং চট্টগ্রাম-৪৩৬০

**রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম**

অধ্যক্ষের কার্যালয়

Website: www.ranguniacollege.edu.bd/E-mail: info@ranguniacollege.edu.bd

**(Sonali eSheba)** অ্যাপস বা **sbl.com.bd** ঠিকানা ব্যবহার করে সোনালী সেবা পেমেন্ট গেটওয়ের মাধ্যমে পরীক্ষার সর্বমোট ফি ও কলেজের বকেয়া ফি পরিশোধ করার জন্য **Sonali eSheba** লগিং করে-

☑ **Chittagong** শিক্ষা বোর্ড নির্বাচন করতে হবে।
☑ এইচএসসি/আলিম/সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন নম্বর লিখতে হবে।
☑ পাশকৃত এসএসসি/দাখিল/সমমান পরীক্ষার রোল নম্বর লিখতে হবে।
☑ **Check** এ বাটনে ক্লিক করে তথ্য ঠিক আছে কিনা যাচাই করতে হবে
☑ প্রদানকৃত তথ্য সঠিক হলে **"Confirm Payment"** বাটনে ক্লিক করে ফরম পূরণ সম্পাদন করতে হবে।

প্রয়োজনীয় কার্যাদি সম্পাদনে কোন সহযোগিতার প্রয়োজন হলে কলেজের না এসে নিম্নলিখিত পরীক্ষা কমিটির (শিক্ষক-কর্মচারীর) সহযোগিতা শুধুমাত্র মোবাইল ফোনের মাধ্যমে নেওয়ার জন্য পরামর্শ দেয়া হল।

উচ্চ মাধ্যমিক পরীক্ষা কমিটি-২০২১ ও কর্মচারীরবৃন্দের নাম, পদবী ও মোবাইল নম্বর ঃ

| | |
|---|---|
| ০১. জনাব সৈয়দ মেজবাহ উদ্দিন আহমদ, সহকারী অধ্যাপক | মোবাইল নং-০১৯৯১৯৪৫৩৪৩ |
| ০২. জনাব বিশ্বজিৎ রায় চৌধুরী, প্রভাষক | মোবাইল নং-০১৮৫৪৩০৬৫৮১ |
| ০৩. জনাব মোতাহের হোসাইন, শরীরচর্চা শিক্ষক | মোবাইল নং-০১৮৬৬৫৬০৩০ |
| ০৪. জনাব মো: জামাল উদ্দিন, অফিস সহকারী | মোবাইল নং-০১৮১৮৬৭২৮৫৫ |
| ০৫. জনাব আনোয়ার হোসেন, অফিস সহায়ক | মোবাইল নং-০১৮২৯৬২৩৩৯৫ |

**SMS প্রাপ্তির পর পরীক্ষার্থী কর্তৃক ফি প্রদান করার শেষ তারিখ ৩০ আগস্ট ২০২১**

(বি.দ্রঃ নির্ধারিত সময়ের মধ্যে কোন পরীক্ষার্থী ফি পরিশোধ করতে ব্যর্থ হলে তার ফরম পূরণ সম্পন্ন হয়নি বলে গণ্য হবে।

## এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত :

যে সকল পরীক্ষার্থী ২০১৮/২০১৯ সালের এইচএসসি পরীক্ষায় এক বা একাধিকবার অংশগ্রহণ করে এক/দুই বিষয়ে (চতুর্থ বিষয় বাদে) অকৃতকার্য/অনুপস্থিত হয়েছিল, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০২১ সালে অনুষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষায় অবশিষ্ট অকৃতকার্য/অনুপস্থিত বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে তবে পরীক্ষার্থীগণ ইচ্ছা করলে এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ না করে নিয়মিত পরীক্ষার্থীর ন্যায় গ্রুপ ভিত্তিক তিনটি নৈর্বাচনিক বিষয়ের পরীক্ষার জন্য ফরম পূরণকরতে পারবে।

যে সকল পরীক্ষার্থী ২০১৮/২০১৯ সালের এইচএসসি পরীক্ষায় এক/দুই বিষয়ে অকৃতকার্য/অনুপস্থিত হয়ে ২০১৮/২০১৯ সালে এইচএসসি পরীক্ষায় ঐ এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণকালে বহিস্কার অথবা অভিযুক্ত হয়েছে এবং শৃঙ্খলা কমিটির সিদ্ধান্ত মোতাবেক ২০১৮/২০১৯/২০২০ সালের পরীক্ষা বাতিল হয়েছে, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০২১ সালের সকল বিষয় (গ্রুপভিত্তিক তিনটি নৈর্বাচনিক বিষয়)/এক/দুই বিষয়ের পরীক্ষার জন্য ফরম পূরণ করতে পারবে।

(বিঃদ্রঃ আবশ্যিক বিষয়ের কোন পরীক্ষা অনুষ্ঠিত হবেনা তবে আবশ্যিক বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীকে ফরম পূরণ করতে হবে। ব্যবহারিক পরীক্ষার মূল্যায়ন ব্যবহারিক নোটবুক হতে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রদান করা হবে)



রাংগুনিয়া সরকারি কলেজ স্থাপিতঃ ১৯৬৩ ইং চট্টগ্রাম-৪৩৬০

রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম
অধ্যক্ষের কার্যালয়
Website: www.ranguniacollege.edu.bd/E-mail: info@ranguniacollege.edu.bd



## ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় ৪র্থ বিষয়ের সুবিধা সংক্রান্ত :

পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালায় উল্লিখিত শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-শিম/শা:১০/৭ পরীক্ষা ২ (গ্রেডিং) /২০০২/৬১০, তারিখ: ০৪/০১/০৩ এর ১(ঞ) এ বর্ণিত নিয়ম মোতাবেক ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীগণকে ৪র্থ বিষয়ের সুবিধা প্রদান করা হবে।

## রেজিস্ট্রেশন ও সেশন সংক্রান্ত :

২০১৬-১৭ সেশনের পূর্বের রেজিস্ট্রেশনধারী কোন পরীক্ষার্থী ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে ২০১৫-১৬ সেশনের এক বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থী রেজিস্ট্রেশন নবায়ন করে এক বিষয়ের (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

তারাও অতিরিক্ত ১০০/-(একশত) টাকা নবায়ন ফি বোর্ড ফি'র সাথে পরিশোধ করে শুধু একবারেরজন্য রেজিস্ট্রেশন নবায়নপূর্বক ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

রেজিস্ট্রেশন নবায়নকৃত পরীক্ষার্থীর নবায়ন ফি বাবদ অর্থ ফরম পূরণের (eFF) ফি এর সাথে গ্রহণ করা হবে বিধায় নবায়নকৃত পরীক্ষার্থীকে আলাদাভাবে নবায়ন ফি বাবদ অর্থ প্রদান করতে হবে না। তবে বিগত বছরের ন্যায় রেজি: কার্ডে বোর্ড থেকে নবায়ন সিল দেয়ার প্রয়োজন নেই।

**বি.দ্র. : দুই বা ততোধিক বিষয়েঅকৃতকার্য থাকলে কখনই রেজিস্ট্রেশন নবায়ন করা যাবে না।**

## জিপিএ উন্নয়ন হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত :

রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষার্থীরা পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার অব্যবহিত পরের বছরেই এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে; এক্ষেত্রে যে সকল পরীক্ষার্থী ২০২০ সালের এইচএসসি পরীক্ষায় জিপিএ ৫.০০ (পাঁচ) এর কম পেয়েছে তারা জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। তবে সেক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে নিয়মিত পরীক্ষার্থীর ন্যায় নৈর্বাচনিক বিষয়ে পরীক্ষা দিতে হবে। জিপিএ উন্নয়নের ক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়ন করা যাবে না।

এক/দুই বিষয়ের অকৃতকার্য যে সকল পরীক্ষার্থী ২০২০ সালের এইচএসসি পরীক্ষার ফরম পুরণ করে প্রবেশ পত্র পেয়েছে এবং উত্তীর্ণ হয়েছে তারা কখনই জিপিএ উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

**বি:দ্র: (ক) নিয়মিত, অনিয়মিত, আংশিক বিষয়ে অকৃতকার্য, শুধু আবশ্যিক বিষয়ে অকৃতকার্য জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীকে অবশ্যই ফরম পূরণ করতে হবে। ফরম পুরণ ব্যতিত পরীক্ষার্থীর ফলাফল প্রকাশের সুযোগ নেই।**

(এ. কে. এম. সুজা উদ্দীন)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।
০১৮১৭২০১০৮২

এ.কে.এম. সুজা উদ্দীন
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
রাংগুনিয়া সরকারি কলেজ
রাংগুনিয়া, চট্টগ্রাম।

(সৈয়দ মেজবাহ উদ্দিন আহমদ)
আহ্বায়ক
উচ্চ মাধ্যমিক পরীক্ষা কমিটি-২০২১
রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম

রাংগুনিয়া সরকারি কলেজ
স্থাপিতঃ ১৯৬৩ ইং
চট্টগ্রাম-৪৩৬০